দৈনিক খবর

তারিখ 12 SEP 1992 .
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

154

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ৭ শিবির কর্মী আটক

জহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১১ই সেপ্টেম্বর (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।– গত বুধবার রাত সাড়ে এগারটার দিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একজন বহিরাগত শিবিরের সাথীসহ ৭ জন ছাত্র শিবির কর্মীকে প্রচুর বিস্ফোরক দ্রব্যসহ আটক করা হয়। বুধবার রাতে জাহাঙ্গীর নামক একজন শিবিরের সাথী ঢাকা থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একজন শিবিরের সদস্যের কাছে তাদের আভ্যন্তরীণ কাজের জন্য এলে কতিপয় ছাত্র তাকে এক পর্যায়ে সন্দেহ করে চ্যালেঞ্জ করে। পরে চাপের মুখে সে কেন এই ক্যাম্পাসে এসেছে এবং কার কাছে এসেছে জিজ্ঞাসা বাদ করা হলে সে জানায়, সে একজন শিবিরের সাথী। সে এখানে দ্বিতীয় বর্ষ রসায়নের ছাত্র আমিনুলের কাছে শিবিরের জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় শিবিরের কর্মতৎপরতাকে কিভাবে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া যায় এ ব্যাপারে আলাপ করতে এসেছে। আমিনুল ঢাকা কেন্দ্রীয় শিবিরের একজন সদস্য। তারপর জাহাঙ্গীরসহ আমিনুলকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিবিরের কার্যকলাপ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হলে সে প্রথমে কিছুই জানে না বলে জানায়। পরে সামান্য প্রহার করা হলে সে জানায় বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে ৫ জন সদস্য, ১৫ জন সাথী ১৫০ জন কর্মী এবং কিছুসংখ্যক শিক্ষক এই কর্মতৎপরতার সাথে জড়িত। পরে তার কাছ থেকে অন্যান্যের তালিকা নিয়ে অন্য শিবির কর্মীদের ধরতে গেলে সে কৌশলে একটি তালাবদ্ধ কক্ষ থেকে পালিয়ে যায়। পরে যাদেরকে ধরা হয় তারা হলেন জাহাঙ্গীর বহিরাগত শিবিরের সাথী, আলাউদ্দিন শেষ বর্ষ ইংরেজী, আশরাফ পদার্থ ৩য় বর্ষ, সবুজ পদার্থ ৩য় বর্ষ, তুহীন পদার্থ ১ম বর্ষ, সফিক পদার্থ ১ম বর্ষ এবং মোখলেস ইংরেজী ১ম বর্ষ। এদের পরে পুলিশের হাতে সোপর্দ করা হয়। বর্তমানে তারা সাভার থানা পুলিশ হেফাজতেরয়েছে।